

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
(শৃঙ্খলা ও তদন্ত উপশাখা)
১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি,
বিজয় নগর, ঢাকা-১০০০।

নম্বর: ৪০.০১.০০০০.০০০.০০০.৯৯.০০২৪.২৪-১২৪০

তারিখ: ২৯ পৌষ ১৪৩২
১৩ জানুয়ারি ২০২৬

দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ

যেহেতু, আপনি জনাব সঞ্জীব বিশ্বাস, শ্রম পরিদর্শক (স্বাস্থ্য), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, রাজশামাটিতে পদায়িত রয়েছেন। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরাধীন উপমহাপরিদর্শকের কার্যালয়, নারায়ণগঞ্জে কর্মরত থাকাকালীন আপনি অসদুপায় অবলম্বনপূর্বক কারখানা কর্তৃপক্ষের নিকট থেকে উৎকোচ গ্রহণ করে কর্তৃত্ব-বহির্ভূতভাবে বর্ণিত কার্যালয়ের উপমহাপরিদর্শকের ব্যক্তিগত আইডি-পাসওয়ার্ড ব্যবহারপূর্বক LIMA (Labour Inspection Management Application) এর মাধ্যমে NI (National Initiative)-ভুক্ত কারখানার (১. এফ কে টেক্সটাইল মিলস লিঃ, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ; ২. এম. এস. ডাইং, প্রিন্টিং এন্ড ফিনিশিং লিমিটেড, বিসিক, ফতুল্লা, নারায়ণগঞ্জ; ৩. আহসান অ্যাপারেলস লিমিটেড, বি-১২/১, সিদ্ধিরগঞ্জ পুল, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ; ৪. আহসান নিটিং লিমিটেড, বি-১২/১, সিদ্ধিরগঞ্জ পুল, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ; ৫. ফ্রেডস নীট ফ্যাশন লিঃ, ৩২/২৪ ঈশা খাঁন রোড, সদর, নারায়ণগঞ্জ) লাইসেন্স নবায়ন ইস্যু ও লে-আউট প্ল্যান অনুমোদন দিয়েছেন। ফলশ্রুতিতে, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধিমতে “অসদাচরণ” ও “দুর্নীতি পরায়নতা” এর অভিযোগে আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-০৩/২০২৫ রুজুপূর্বক কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এর ২১-০৮-২০২৫ তারিখের ৪০.০১.০০০০.১০১.২৭.০০৩.১৭-৯২২ নম্বর স্মারকের পত্রে আপনার বর্তমান ও স্থায়ী ঠিকানায় অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়। আপনি নির্ধারিত সময়ের পরে অভিযোগনামার জবাব দাখিল করলেও জবাবে আপনি ব্যক্তিগত শুনানি প্রার্থনা কবেননি; এবং

০২। যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে প্রদত্ত মতামতের আলোকে আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) বিধিমতে “অসদাচরণ” ও “দুর্নীতি পরায়নতা” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

০৩। সেহেতু, আপনার এহেন কার্যকলাপের জন্য আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) বিধিমতে “অসদাচরণ” ও “দুর্নীতি পরায়নতা” এর দায়ে দোষী সাব্যস্ত করা হলো। এমতাবস্থায়, উক্ত অপরাধের দায়ে কেনো আপনাকে উল্লিখিত বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক ‘চাকুরী হইতে বরখাস্তকরণ’ দণ্ড প্রদান করা হবে না- একই বিধিমালার ৭(৯) বিধি মোতাবেক ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে তার জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

সংযুক্তি: তদন্ত প্রতিবেদন- ১২ (বারো) পাতা।



(ওমর মোঃ ইমরুল মহসিন)
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)

প্রাপক:

জনাব সঞ্জীব বিশ্বাস
শ্রম পরিদর্শক (স্বাস্থ্য)
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর,
উপমহাপরিদর্শকের কার্যালয়, রাজশামাটি
প্যারাডাইস টাওয়ার (৫ম ও ৬ষ্ঠ তলা)
দক্ষিণ কালিন্দীপুর, রাজশামাটি-৪৫০০।

স্থায়ী ঠিকানা:

জনাব সঞ্জীব বিশ্বাস

পিতা: জনাব শিব প্রসাদ বিশ্বাস

গ্রাম: বড় ডোমরাশুর, ডাকঘর: টুঠামান্দ্রা, থানা: গোপালগঞ্জ

সদর, জেলা: গোপালগঞ্জ।

নম্বর: ৪০.০১.০০০০.০০০.০০০.৯৯.০০২৪.২৪- ৩২৪০/১(৯)

তারিখ: ২৯ পৌষ ১৪৩২
১৩ জানুয়ারি ২০২৬

জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। যুগ্মমহাপরিদর্শক, প্রশাসন অধিশাখা; কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
- ২। উপমহাপরিদর্শক, উপমহাপরিদর্শকের কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, রাজামাটি;
- ৩। উপমহাপরিদর্শক, উপমহাপরিদর্শকের কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, নারায়ণগঞ্জ;
- ৪। উপমহাপরিদর্শক, মানব সম্পদ উন্নয়ন শাখা; কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
- ৫। উপমহাপরিদর্শক, প্রশাসন শাখা; কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
- ৬। সহকারী মহাপরিদর্শক (স্টাফ অফিসার টু মহাপরিদর্শক), মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৭। জনাব সঞ্জীব বিশ্বাস, শ্রম পরিদর্শক (স্বাস্থ্য) এর ব্যক্তিগত নথি;
- ৮। শ্রম পরিদর্শক (স্বাস্থ্য), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ); এবং
- ৯। অফিস কপি/গার্ড ফাইল।



(ওমর মোঃ ইমরুল মহসিন)
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)